

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
কানাইপুর শাখা, ফরিদপুর।

অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব আলহাজ্র মোঃ মকবুল হোসেন মোলস্বা, পিতা : মৃত ছহির উদ্দিন মোলস্বা, মাতা: মৃত আছিরন নেছা, ব্যবসায়িক ঠিকানা: মেসার্স সোনালী জুট ট্রেডিং, কানাইপুর বাজার, কানাইপুর, ফরিদপুর। বর্তমান ও স্থায়ী ঠিকানা: গ্রাম : কোষাগোপালপুর, ডাকঘর: কানাইপুর-৭৮০১, উপজেলা কোত্যালী, জেলা ফরিদপুর কর্তৃক ইউসিবি কানাইপুর শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক ঋগ পরিশোধ না করায় বিগত ১৯/০৫/২০২১ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৮০,১৬,২৯০.১৯ (এক কোটি আশি লক্ষ ঘোল হাজার দুইশত নবই টাকা উনিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে / প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা- ফরিদপুর, উপজেলা- কোত্যালী অন্তর্গত জে.এল নং-৫৬, ভাটিকানাইপুর মৌজার আর এস খতিয়ান নং- ২২৮/১, এস.এ. খতিয়ান নং-২২১, ডিপি-২৩২, প্রস্তাবিত খতিয়ান নং-২২১, আর এস ও এস এ দাগ নং-১১১, বি এস দাগ নং-১৩৫। মোট জমির পরিমাণ ২৮.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- জনাব মোঃ শাহদাত হোসেন, দক্ষিণে- জনাব বাসারুল আলম বাদশা, পূর্বে- কানাইপুর টু ফরিদপুর রাস্তা, পশ্চিমে- হাতেম আলী সেক।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ১৭/০৮/২০২১ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখায় রক্ষিত বারেরে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাতাকে উদ্বৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াণ্ড হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াণ্ড হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি প্রহনযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র প্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা।